



## শহরব্যাপী টিকাকরণ নিবন্ধন এবং আপনার গোপনীয়তা

### শহরব্যাপী টিকাকরণ নিবন্ধন কী?

শহরব্যাপী টিকাকরণ নিবন্ধন (Citywide Immunization Registry, CIR) হল একটি গোপনীয় ডেটাবেস যেখানে নিউ ইয়র্ক শহরের রোগীদেরকে প্রদত্ত টিকাকরণের রেকর্ড রয়েছে।

### CIR-এ কি আমার টিকার রেকর্ড রাখতে হবে?

18 ও তার কম বয়সী রোগীদের টিকাকরণ রেকর্ড প্রদানকারীদেরকে CIR-এ পাঠাতে হবে। 19 ও তার বেশি বয়সী ব্যক্তি CIR এ তার তথ্য যোগ করবেন কিনা তা বেছে নিতে পারেন।

### কেন আমাকে CIR-এ আমার তথ্য রাখতে হবে?

CIR-এ আপনার টিকার রেকর্ড রাখার অনেক সুবিধা আছে। CIR নিউ ইয়র্কবাসীদের টিকাকরণের রেকর্ড এক জায়গায় রাখে যাতে আপনি ও আপনার ডাক্তাররা জানতে পারেন যে কোন টিকা আপনার নেওয়া আছে এবং কোনটা আপনাকে নিতে হতে পারে। আপনি নতুন প্রদানকারীর সঙ্গে দেখা করা আরম্ভ করার সময় বা আপনার রেকর্ড হারিয়ে গেলে আপনি CIR ব্যবহার করতে পারেন।

## কারা আমার বা আমার বাচ্চার টিকাকরণের রেকর্ড দেখতে পাবে?

আপনি, আপনার ডাক্তার, আপনার ফার্মাসিস্ট, আপনার বাচ্চার স্কুল বা কলেজ, আপনার স্বাস্থ্য বীমা এবং সমাজসেবা প্রকল্প যেমন মহিলা, সদ্যজাত ও শিশু (Women, Infants and Children, WIC) আপনার টিকাকরণের রেকর্ড দেখতে পারে।

কিভাবে আপনার বা আপনার বাচ্চার রেকর্ড দেখা হয় তা জানতে, [nyc.gov/myvaccinerecord](https://nyc.gov/myvaccinerecord) এর আমার টিকাকরণ রেকর্ড (My Vaccine Record) দেখুন বা 311 নম্বরে ফোন করুন।

## অভিবাসন বলবৎকরণের জন্য কি আমার CIR রেকর্ড ব্যবহার করা যাবে?

CIR-এ আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর বা অভিবাসনের স্থিতি অন্তর্ভুক্ত নয়। নিউ ইয়র্ক স্টেটের আইন অনুসারে আপনার CIR রেকর্ডের গোপনীয়তা সুরক্ষিত করা হয়। নিউ ইয়র্ক শহরের স্বাস্থ্য দপ্তর আপনার স্বাস্থ্যকে গুরুত্ব দেয় অভিবাসনের স্থিতিতে নয়। আমরা সমস্ত রোগীর গোপনীয়তার প্রতি শ্রদ্ধাশীল। আপনার প্রয়োজনীয় পরিচর্যা পান।

ActionNYC এর মাধ্যমে আইনি সহায়তার মতো সহায়তার তথ্যের জন্য 800-354-0365 বা 311 নম্বরে ফোন করুন। আপনার অধিকার সম্পর্কে আরও জানতে, [nyc.gov/immigrants](https://nyc.gov/immigrants) এ যান।

